গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৩৭.০১১.০১.০০.০০১.২০১৫(অংশ-১)-১৫৬৫ তারিখঃ ৩১/১০/২০১৭ খ্রিস্টাব্দ
১৬/০৭/১৪২৪ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২০-০৪-২০১৭ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৩৭.১৭-১০২ সংখ্যক পত্রের সুপারিশক্রমে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৯-১০-২০১৭ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৩২.০৪.০১০.১৩(অংশ-১)-৪০২ সংখ্যক স্মারকের আলোকে নিম্নবর্ণিত প্রার্থীকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরাধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর 'সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার' (নন-ক্যাডার) এর শূন্য পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী টাঃ ২৯০০০-৬৩৪১০/- (৭ম গ্রেড) বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হল এবং তার নামের পার্শ্বে বর্ণিত জেলায় পদায়ন করা হলঃ

ক্রমিক নং	নাম	রেজিঃ নম্বর	জেলা	পদায়নকৃত কর্মস্থল
১	জনাব আসিফ মাহমুদ	০০০০৯১	কুমিল্লা	সিভিল সার্জন কার্যালয়, মুন্সিগঞ্জ

শর্তাদিঃ

(১) উক্ত পদের জন্য সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিভাগীয় প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রয়োজনবোধে সরকার প্রশিক্ষণের পূর্বে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবে;

(২) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(৩) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তার একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০২ (দুই) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তার প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন।

(৪) ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন তবে ক্রমিক-৩ অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৫) নিয়োগপ্রাপ্ত প্রার্থী যদি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয় তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(৬) চাকুরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

অপর পাতা দ্রষ্টব্য

(৭) The Government Servants(Conduct) Rules,1979 এর ১৩(১) বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগে জমা দিতে হবে;

(৮) নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন অফিসে কর্মরত থাকলে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র দাখিল করতে হবে;

(৯) এ চাকুরিতে যোগদানের জন্য নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;

(১০) চাকুরির জ্যেষ্ঠতাসহ যাবতীয় বিষয় চাকুরি সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পত্রে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রেও ঐ সমস্ত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(১১) উপরের শর্তাবলী নিয়োগপ্রাপ্ত প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৫-১১-২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকায় যোগদানের জন্য এবং পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হল। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
৩১.১০.২০১৭
(মোঃ সিরাজুল হক খান)
সচিব

নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০০১.২০১৫(অংশ-১)-১৫৬৫/১(১২)

তারিখঃ ৩১/১০/২০১৭ খ্রিস্টাব্দ
১৬/০৭/১৪২৪ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৪। সিভিল সার্জন, মুন্সিগঞ্জ।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মুন্সিগঞ্জ।
১০। জনাব আসিফ মাহমুদ, পিতাঃ মৃত আবদুল জলিল, গ্রাম ও পো: চাঁদগাঁও, মদিনা কমপ্লেক্স, উপজেলা: দাউদকান্দি, জেলা: কুমিল্লা।
১১। অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩১/১০/১৭
(মোঃ রেজাউল আলম)
উপসচিব
ফোন-৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন - ১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৩৭.০১১.০০.০০.০০১.২০১১-১৫৭৩ তারিখঃ ২১/০৭/১৪২৪ বঙ্গাব্দ
০৫/১১/২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০৯.০৫.২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১. (গোপনীয়).১১.২১৫৫.১৭-১৩১ নম্বর পত্রের সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগে 'প্রশাসনিক কর্মকর্তা' এর রাজস্বখাতভূক্ত স্থায়ী পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী টাঃ ১৬০০০-৩৮৬৪০/- বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলঃ

ক্রমিক নং	প্রার্থীর নাম	ঠিকানা	রেজিঃ নম্বর
১।	জনাব মোঃ কামরুজ্জামান সোহাগ	পিতা-মোঃ আব্দুর রাজ্জাক, গ্রামঃ খড়িঞ্চা, ডাকঘর স্বরুপদাহ, থানা/উপজেলাঃ চৌগাছা, জেলাঃ যশোর	রেজিঃ নং- ৬৬৩৮৫৫

শর্তাদিঃ

(১) উক্ত পদের জন্য উপযুক্ত প্রশিক্ষণ, সরকার যেখানে যেরূপ প্রয়োজন মনে করবে প্রেরণ করবেন তা গ্রহণ করতে হবে;

(২) নিয়োগপ্রাপ্ত প্রার্থী ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(৩) চাকুরিতে যোগদানের পর ২ (দুই) বছরের মধ্যে প্রার্থী যদি ন্যায় সঙ্গত কারণ ছাড়া চাকুরিতে ইস্তফা দেন বা দিতে ইচ্ছুক হন, তবে তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত অর্থ অথবা বেতন ও আনুতোষিক হিসেবে প্রদত্ত অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন এবং প্রার্থী যদি সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে চাকুরিতে অনুপস্থিত থাকেন তবে তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান মোতাবেক আদায় করা হবে;

(৪) নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন অফিসে কর্মরত থাকলে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র দাখিল করতে হবে;

(৫) এ চাকুরিতে যোগদানের জন্য নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;

(৬) চাকুরির জ্যেষ্ঠতাসহ যাবতীয় বিষয় চাকুরি সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পত্রে বর্ণিত হয় নাই এরুপ ক্ষেত্রেও ঐ সমস্ত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(৭) উপরের শর্তাবলী নিয়োগপ্রাপ্ত প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে পত্র জারির তারিখ হতে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় যোগদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
০৫/১১/২০১৭
(মোঃ আনোয়ার হোসেন)
যুগ্মসচিব (প্রশাসন)

অঃপৃঃদ্রঃ

নং- ৪৫.১৩৭.০১১.০০.০০.০০১.২০১১-১৫৭৩/১(৮) তারিখঃ ০৫/১১/২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩। উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। জনাব মোঃ কামরুজ্জামান সোহাগ, গ্রামঃ খড়িঞ্চা, ডাকঘর স্বরুপদাহ, থানা/উপজেলাঃ চৌগাছা, জেলাঃ যশোর।

(মোঃ রেজাউল আলম)
উপসচিব
ফোন-৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd